গোপালগঞ্জে নিরাপত্তায় ২১ প্লাটুন বিজিবি মোতায়েন



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ২১ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে। জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও জননিরাপত্তা নিশ্চিত করতে বুধবার (১৮ নভেম্বর) তাঁদের দায়িত্ব দেওয়া হয়।

জেলা প্রশাসন ও পুলিশের সঙ্গে সমন্বয় করে কাজ করছেন বিজিবি সদস্যরা। যেকোনো অপ্রীতিকর পরিস্থিতি মোকাবিলায় এ ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিজিবি।

এদিকে, বিজিবি সদর দপ্তরের মনিটরিং সেল থেকেও জেলার পরিস্থিতির ওপর নজর রাখা হচ্ছে। ড্রোন, বডি-ওর্ন ক্যামেরা ও ইম্প্রোভাইজড ডিভাইসের মাধ্যমে পাওয়া সরাসরি ভিডিও ফুটেজ পর্যবেক্ষণ করছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

LENS ASIA